

## অর্থ বরাদ্দের প্রস্তাব নাকচ মাধ্যমিকে বিনামূল্যে বই ও ৩০ হাজার শিক্ষককে এমপিও প্রদান অনিশ্চিত

### মুসতাক আহমদ

আগামী বছর মাধ্যমিক স্তরে বিনামূল্যে পাঠ্যবই প্রদানের লক্ষ্যে নতুন বাজেটে অর্থ বরাদ্দের সুপারিশ নাকচ করে দিয়েছে অর্থ মন্ত্রণালয়। শুধু তাই নয়, আগামী অর্থবছরে শিক্ষকদের এমপিওভুক্ত করার (বেতনের সরকারি অংশ) জন্য যে অর্থ

সংস্থানের অনুরোধ করেছে, সেটিও নাকচ করে গেছে। উভয় মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে, অর্থ মন্ত্রণালয় শিক্ষা মন্ত্রণালয়কে সাক্ষ জানিয়ে দিয়েছে, সরকারের ২য় ও ৩য় পর্যায় কর্মসূচি রয়েছে। যেখানে বাস্তবায়নের লক্ষ্যে অনিশ্চিত : পৃষ্ঠা ১৫ : কলাম ১

### অনিশ্চিত : প্রদান

(১ম পৃষ্ঠার পর)

উল্লিখিত দু'খাতে অর্থ বরাদ্দ দেয়া যাবে না। সংশ্লিষ্ট জ্ঞান, এর ফলে মাধ্যমিক স্তরে বিনামূল্যে বই দেয়া ও ৩০ সহস্রাধিক শিক্ষককে এমপিওভুক্তির অধীনে আনার উদ্দেশ্যে ভেঙে যাওয়ার আশংকা দেখা দিয়েছে। তবে হাদ মুহাম্মদ শিকারী, নুরুল ইসলাম নাহিদ, তিনি রোববার রাতে এ প্রতিনিধিক জ্ঞান, আনন্দের আশা করছি, জনগণের জন্য জেলা কিছু করতে পারবে। প্রচেষ্টা অব্যাহত রয়েছে। সরকারের বিভিন্ন পর্যায়ের এ ব্যাপারে আশা-আশোচনা অব্যাহত রয়েছে। সংশ্লিষ্ট সূত্র জানে গেছে, বর্তমানে সার্বভৌম এমপিওভুক্ত হতে পারেনি এমন শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা হচ্ছে ৩ হাজার ২১১টি। এসব প্রতিষ্ঠানে ৩০ হাজারেরও বেশি শিক্ষক রয়েছেন, যারা সর্বময় ৪ বছর থেকে ১০ বছর ধরে এমপিওভুক্ত হতে পারেননি। সরকারের দায়িত্বশীল পর্যায় থেকে জানা গেছে, এসব প্রতিষ্ঠান এমপিওভুক্ত করার জন্য সরকারের ওপর স্থানীয় জনস্বার্থের হাতাও সাংসদদের থেকে পর্যন্ত প্রচেষ্টা রয়েছে। এক হিসাবে দেখা গেছে, এ পর্যন্ত এমপিওভুক্তির জন্য সাংসদদের ডিও (তিব্বত প্রভৃতি) জন্য পড়েছে প্রায় ৫ হাজার। কিন্তু এর মধ্যেও সব প্রতিষ্ঠানের ব্যাপারে সুপারিশ এখনও জানা পড়েনি। প্রত্যেকটি প্রতিষ্ঠানের ব্যাপারে সাংসদরা ডিও পাঠালে এ সংখ্যা ১০ হাজার বাড়িয়ে যাবে। অন্যদিকে মাধ্যমিক স্তরে বিনামূল্যে পাঠ্যবই দেয়ার ব্যাপারেও সাময়িক চাপ রয়েছে। বিশেষ করে এ বছর যখন বই নিয়ে অস্বাভাবিক বহুকেসজোরির ভয় দেয়, তখন পেশাকারি বন্ধ এবং জনগণকে জোগাড়ি থেকে মুক্তির জন্য সরকারের কাছে এ বিষয়টি একমাত্র বিকল্প হিসেবে আবির্ভূত হয়। সর্বশেষ বই নিয়ে গঠিত অধ্যাপক আখতারুজ্জামানের কমিটিও মাধ্যমিক স্তরে বিনামূল্যে বই দেয়ার সুপারিশ করেছে।